পটুয়াখালীর মহাসড়ক যেন মৃত্যুফাঁদ: বেপরোয়া ইজিবাইক ও রিকশা

written by Chandradip News24 | January 4, 2025

পটুয়াখালী-ঢাকা-কুয়াকাটা মহাসড়ক বর্তমানে এক ভয়াবহ মৃত্যুফাঁদে পরিণত হয়েছে। নিয়ম-নীতির তোয়াক্কা না করে মহাসড়কে বেপরোয়া গতিতে চলছে ইজিবাইক, ভ্যান এবং রিকশা। এতে প্রায়ই ঘটছে দুর্ঘটনা।

মহাসড়কের পরিস্থিতি পর্যবেক্ষণে দেখা গেছে, ভারি যানবাহনের সঙ্গে পাল্লা দিয়ে চলছে তিন চাকার হালকা যান। এগুলো অধিকাংশই ইঞ্জিনচালিত, যা দুর্ঘটনার ঝুঁকি বহুগুণ বাড়িয়ে তুলছে। দূরপাল্লার যানবাহনের চালকরা জানিয়েছেন, মহাসড়কে যান চালানো দিনে দিনে দুরূহ হয়ে উঠছে।

চালকরা অভিযোগ করেন, অটোরিকশা এবং ভ্যানগুলো হঠাৎ ওভারটেকিং করে বা পাশের ছোট রাস্তা থেকে মহাসড়কে ঢুকে দুর্ঘটনার কারণ সৃষ্টি করছে। এ ধরনের ঝুঁকিপূর্ণ পরিস্থিতি মোকাবিলায় তাদের প্রতিনিয়ত সমস্যায় পড়তে হচ্ছে।

পটুয়াখালী জেলার পুলিশ সুপার মো. আনোয়ার জাহিদ জানান, দুর্ঘটনা

প্রতিরোধে নিয়মিত মামলা এবং সচেতনতা বৃদ্ধির জন্য প্রচার চালানো হচ্ছে। জেলা প্রশাসনও ছোট যানবাহনকে মহাসড়ক থেকে দূরে রাখার জন্য বিশেষ কর্মসূচি হাতে নিয়েছে।

এ পরিস্থিতি থেকে উত্তরণের জন্য চালকদের ট্রাফিক আইন মেনে চলা, সড়ক নিরাপত্তা বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি এবং কঠোর নজরদারির বিকল্প নেই। প্রশাসনের উদ্যোগ যথাযথভাবে বাস্তবায়িত হলে মহাসড়কের এই মৃত্যুফাঁদ বন্ধ করা সম্ভব।

মো: আল-আমিন
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম